



প্রাইমারী শিক্ষার্থীরা নতুন বইয়ের সঙ্গে স্কুল ড্রেসের জন্য টাকা পাবে

প্রকাশিত: ০৮ - সেপ্টেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

- জানালেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

স্টাফ রিপোর্টার, কুড়িগ্রাম ॥ কুড়িগ্রামে প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন সংক্রান্ত মতবিনিময় সভা শনিবার জেলা প্রশাসন স্বপ্নকুড়ি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন।

প্রধান অতিথি প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন বলেন, বর্তমান সরকার শিক্ষাবান্ধব সরকার। মেধাবী জাতি গঠনে প্রাথমিক শিক্ষাকে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হচ্ছে। কারণ আজকের প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা ২০৪১ সালে যুবক হবে। যারা নেতৃত্ব দেবে উন্নত রাষ্ট্রের। তাই আগামী বছরের শুরু দিন দেশের সব প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের হাতে নতুন বইয়ের পাশাপাশি স্কুল ড্রেসের জন্য দেয়া হবে ২ হাজার টাকা। বিদ্যালয়গুলোকে দৃষ্টিনন্দন ও আধুনিকায়ন করা হচ্ছে। আকর্ষণীয় করে সাজানো হচ্ছে ক্লাস রুম। আনন্দঘন পরিবেশে পাঠদান নিশ্চিত করতে সরকারের এত সব আয়োজন। কাজেই সরকারের মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত কল্পে গৃহীত বিভিন্ন প্রকল্পে যারা দুর্নীতি করছেন তারা কেউ মাপ পাবেন না। তাদের সবাইকে আইনের আওতায় আনা হবে। মনে রাখবেন প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দুর্নীতির ব্যাপারে ‘জিরো টলারেন্স’ ঘোষণা করেছেন।

জেলা প্রশাসক সুলতানা পারভীনের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব বদরুল হাসান বাবুল, রংপুর বিভাগীয় উপ-পরিচালক আব্দুল ওহাব, অতিরিক্ত পুলিশ সুপার মেনহাজুল আলম, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শহিদুল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি এ্যাডভোকেট আহসান হাবীব নীলু, সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান আমান উদ্দিন আহমেদ মঞ্জু, তৌফিকুল ইসলাম, মোজাম্মেল হক, লক্ষর আলী প্রমুখ। সভায় জেলার সকল উপজেলা শিক্ষা কর্মকর্তা, সহকারী শিক্ষা কর্মকর্তা, সহকারী উপজেলা ইন্সট্রাক্টর, ইউআরসি ইন্সট্রাক্টর, পিটিআই ইন্সট্রাক্টর, উপজেলা প্রকৌশলী, উপজেলা নির্বাহী কর্মকর্তা, পিটিআই সুপারসহ প্রাথমিক শিক্ষা বিভাগের সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন।

মন্ত্রী বিকেল ৩টায় কুড়িগ্রাম পৌরসভার ১নং সরকারী প্রাথমিক বিদ্যালয়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে পরীক্ষামূলকভাবে এক শিফটের বিদ্যালয়ের সময়সূচীর (ক্লাস রুটিন) উদ্বোধন করেন। এ বিদ্যালয়ে এখন থেকে সকাল ৯টা ৩০ মিনিটে শরীরচর্চা ও ১০টা ক্লাস শুরু হবে। ৪৫ মিনিট ক্লাস করার পর ১৫ মিনিট বিরতি। এ সময় শিক্ষক শিক্ষার্থীদের খেলার ছলে পড়াবেন। আর ছুটি হবে বিকেল ৩টা ৪৫ মিনিটে।

এ সময় তিনি বলেন, আনন্দপূর্ণ পাঠদান কার্যক্রম চালু করার লক্ষ্যে পরীক্ষামূলক ৪টি স্কুল বাছাই করা হয়েছে। স্কুলগুলো হলো- কুড়িগ্রাম পৌরসভার ১নং সরকারী প্রাথমিক বিদ্যালয়, রৌমারী মডেল সরকারী প্রাথমিক বিদ্যালয়, নেত্রকোনার ৩৬নং বালী সরকারী প্রাথমিক বিদ্যালয় ও মাগুরা জেলার হাজিপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়। সফলতা পেলে সকল বিদ্যালয়ে একই সময়সূচী চালু করা হবে। শিক্ষার্থী এবং শিক্ষকরা ৩০ মিনিটের বিশ্রামের সময় পাবেন। প্রতি ক্লাসের শেষে ১৫ মিনিটের বিশ্রামের সময়ে খেলার ছলে শিক্ষার্থীদের সৃজনশীল ও উদ্ভাবনী কার্যক্রমে সম্পৃক্ত করা হবে।

মন্ত্রী বলেন, জাতীয় দিবস পালনের জন্য সরকার এই প্রথম (১৫ আগস্ট উপলক্ষে) সকল বিদ্যালয়কে অনুষ্ঠান বাবদ ২ হাজার টাকা দিয়েছে। আগামী বছর থেকে এ টাকার পরিমাণ বৃদ্ধি করে ৫ হাজার টাকা করা হবে। বন্যায় ক্ষতিগ্রস্ত স্কুলপ্রতি ৫ লাখ টাকা দেয়ার প্রক্রিয়া চলছে। পিডিইপি প্রকল্পের আওতায় দেশের ৩ ও ৬ ক্লাসরুমের স্কুলগুলোকে পর্যাক্রমে ৯ ক্লাস রুমের স্কুলে পরিণত করা হবে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশ স্বাধীন হওয়ার পরপরই সকল প্রাথমিক বিদ্যালয়কে জাতীয়করণ করেন। এরপর ২৮ বছর প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন হয়নি। আওয়ামী লীগ সরকার ক্ষমতায় আসার পর ২০১৩ সালে একসঙ্গে ২৬ হাজার ১৯৩টি বিদ্যালয়কে জাতীয়করণ করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার স্বপ্ন ‘আমাদের প্রাথমিক শিক্ষার মান হবে পৃথিবীতে রোলমডেল’। আর এজন্য তিনি সকল শিক্ষক, শিক্ষা কর্মকর্তাসহ সংশ্লিষ্টদের অতিরিক্ত ২ ঘণ্টা বেশি কাজ করার আহ্বান জানান। কারণ স্বাধীনতা যুদ্ধে শহীদদের রক্তের ঋণ আমাদের শোধ করতে হবে।

এরপর মন্ত্রী রাজারহাট চাকিরপশার তালুক সরকারী প্রাথমিক বিদ্যালয় ও রাজারহাট পাইলট উচ্চ বিদ্যালয় পরিদর্শন করেন। এখানে রাজারহাট উপজেলাকে শতভাগ স্কাউট উপজেলা ঘোষণা করা হয়। শিক্ষক ও শিক্ষার্থীদের বই পড়ায় উদ্বুদ্ধ করতে উদ্বোধন করা হয় বাতিঘর প্রোগ্রাম।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকর্ষ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ষ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ষ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright © All rights reserved by dailyjanakantha.com

